



# সামাজিক যোগাযোগ মাধ্যম (যেমন ফেইসবুক) অ্যাকাউন্ট তৈরি এবং ব্যবহার



Digital  
Literacy  
Center





ছোট আপা  
আমার একটা  
উপকার করবেন?

কী উপকার সুলতান ভাই?

আমারে একটা  
ফেসবুক অ্যাকাউন্ট  
খুলে দেন

কেন সুলতান ভাই আপনার তো  
অ্যাকাউন্ট আছে

জানি।  
কিন্তু সেগুলো কীভাবে  
মোবাইলে সেট করবো?

শোনো যেকোনো ধরনের প্রয়োজনীয়  
অ্যাপ্লিকেশন প্লে স্টোর থেকে  
ডাউনলোড করে নিতে পারবে।

আবার কিছু কিছু অ্যাপ রয়েছে যেগুলো  
স্বভাবতই ফোনে ইনস্টল করা থাকে।

হ! ছিলো আপা এ টার  
পাসওয়ার্ড ভুলে গেছি। এখন যদি  
ভাইজানের কাছে যাই আমার  
উপর রাগ করবো। তাই  
আপনার কাছে আসছি।

বুঝেছি। শোনেন সুলতান ভাই এমন যেন  
বারবার আপনাকে কারো কাছে যেতে না হয়।

সেজন্য আপনাকে বলে দেই  
কীভাবে কী করতে হবে।



তাইলে তো আপা  
খুবই ভালো হয়।  
আমি আমার বন্ধুদেরও  
ধুইলা দিতে পারবো।

হ্যাঁ পারবেন। এখন শোনে, ফেসবুক  
অ্যাকাউন্ট তৈরির জন্য facebook.com এ  
গিয়ে Create account এ ক্লিক করতে হবে।

তারপর নাম লিখতে হবে (First name and surname) ।  
এই নামটিই ফেসবুকে আপনার অ্যাকাউন্টের নাম হবে।

তারপর জন্মতারিখ দিতে হবে।  
ফোন নাম্বার দিতে হবে আর ইমেইল দিয়ে লগইন  
করতে চাইলে সাইন আপ উইথ ইমেইল (Sign Up  
With Email) এ ক্লিক করতে হবে।

আইচ্ছা আপা।  
তারপর?

তারপর জেল্ডার 'মেইল', 'ফিমেইল' এবং  
'অন্যান্য' থেকে সঠিকটা বাছাই করতে হবে।  
এরপর নতুন পাসওয়ার্ড দেয়ার বক্স আসবে  
সেখানে পাসওয়ার্ড দিবেন।

পাসওয়ার্ড দেয়ার ক্ষেত্রে কিছু বিষয়ে লক্ষ্য  
রাখবেন।

পাসওয়ার্ডটা যাতে আপনার জন্যে মনে রাখা  
সহজ হয়। কিন্তু সহজে অনুমান করা যায়  
এমন পাসওয়ার্ড যেন না হয়।

অন্য অ্যাকাউন্ট যেমন ইমেইল বা ব্যাংক  
অ্যাকাউন্টের পাসওয়ার্ড থেকে এই পাসওয়ার্ড  
যাতে আলাদা হয়। তা না হলে, আপনার  
একটি অ্যাকাউন্ট হ্যাক হলে অন্য সকল  
অ্যাকাউন্ট হ্যাক হয়ে যেতে পারে।

লম্বা পাসওয়ার্ড বেশি নিরাপদ, বড় পাসওয়ার্ড  
দেয়ার চেষ্টা করবেন

নাম্বার, বিশেষ বর্ণ, বড় হাত ছোট হাতের  
অক্ষর মিশ্রণে পাসওয়ার্ড নির্বাচন করলে  
পাসওয়ার্ড সুরক্ষিত থাকে।

আপনার ইমেইল অ্যাড্রেস, ফোন নাম্বার, জন্ম  
তারিখ এগুলো পাসওয়ার্ড হিসেবে দিবেন না।  
এগুলো খুব সহজে অনুমান করা যায়।



ঠিক আছে  
ছোট আপা দিবো না।  
তারপর?

তারপর সাইন আপে (Sign Up) ক্লিক করলেই  
অ্যাকাউন্টে তৈরি হয়ে যাবে।

আপনার ফোন নাম্বার বা ই মেইলে ভ্যারিফিকেশন  
করা হবে। মোবাইল নাম্বারে টেক্সট মেসেজের  
মাধ্যমে কোড পাঠানো হবে। কোড দেয়ার পর  
অ্যাকাউন্ট তৈরি হবে।

ইমেইলের ক্ষেত্রে একটা লিঙ্ক পাঠানো হবে, লিঙ্কে  
ক্লিক করলেই অ্যাকাউন্ট সচল হয়ে যাবে।  
অ্যাকাউন্ট তৈরি হবার পর প্রোফাইলের তথ্য সম্পূর্ণ  
করবেন। প্রাইভেসি সেটিংস পরিবর্তন করে ব্যক্তিগত  
তথ্য যেমন ফোন নাম্বার, মেইল অ্যাড্রেস এর মত  
তথ্যগুলো গোপন রাখবেন।

তারপর থেকেই অ্যাকাউন্টে প্রোফাইল ছবি ও কভার  
ছবি আপলোড করতে পারবেন।

হায় হায়  
এতো সহজ?

হ্যাঁ সুলতান ভাই। তবুও যদি কিছু না বুঝেন  
আমার কাছে আইসেন। বুঝিয়ে দিবোনে।

কী কন  
এতো সুন্দর কইরা  
বুঝাইলেন না বুঝে উপায়  
আছে? আপনারা  
ধন্যবাদ।